গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৬-০৮-১৪২৪ বঙ্গাব্দ
স্মারক নং- ৩৪.০০.০০০০.০৪১.২৬.০০২.১৫.১৩১৬ তারিখ ঃ ---------------------।
১০-১২-২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ নভেম্বর/২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

৩০-১১-২০১৭ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অক্টোবর/২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী এসংগে প্রেরণ করা হলো। কার্যবিবরণীতে কোন সংযোজন/বিয়োজন থাকলে কার্যবিবরণী পাওয়ার ৩ কর্মদিবসের মধ্যে লিখিতভাবে জানাতে অনুরোধ করা হলো।

০২। সমন্বয় সভায় গৃহীত তাঁর অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/শাখার সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং অনিস্পন্ন বিষয়সমূহের তালিকা পরবর্তী সমন্বয় সভায় আলোচনার নিমিত্ত আগামী ১৭-১২-২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

১০/১২/১৭
(হোসনা আফরোজা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫০৫

বিতরণ ঃ কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, বিকেএসপি, ঢাকা।
৩। যুগ্ম-সচিব(সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৫। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৬। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৭। উপ-সচিব (সকল), উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
১১। মাননীয় উপ-মন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান..........................., সহকারী প্রধান/ সহকারী সচিব......................................., যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩। সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা(ওয়েব সাইটে আপলোড ও ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)
১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নভেম্বর/২০১৭ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: আসাদুল ইসলাম
সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ৩০ নভেম্বর, ২০১৭
সময় : বেলা ১১:০০ টা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি নতুন যোগদানকৃত যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক ও মন্ত্রণালয়ে যোগদানকৃত সহকারী প্রধানকে অভিনন্দন জানান। অত:পর সভাপতির অনুমতিক্রমে উপসচিব(প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনার পর বিষয়ভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (১) গত ২৫-১০-২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | গত ২৫-১০-২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন আছে কিনা সে বিষয়ে আলোচনা করা হয়। | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |
| **(২) জাতীয় যুব নীতি, ২০১৭ বাস্তবায়ন** | (ক) জাতীয় যুবনীতি, ২০১৭ বাস্তবায়নের নিমিত্ত Action Plan তৈরীর জন্য TAPP অনুমোদিত হয়েছে এবং প্রশাসনিক আদেশ জারী করা হয়েছে। TAPP এর পরিচালক নিয়োগের বিষয়টি প্রক্রিয়াধীন।<br><br>(খ) জাতীয় যুবনীতি ২০১৭ বাস্তবায়নের জন্য ১২টি মন্ত্রণালয়ের প্রতিনিধি, সুশীল সমাজের ২জন প্রতিনিধিসহ CRI এবং BYLC এর প্রতিনিধিদের নিয়ে স্টিয়ারিং কমিটি গঠনপূর্বক ০৫/১১/২০১৭ তারিখে অফিস আদেশ জারী করা হয়েছে। | (ক) TAPP বাস্তবায়নের জন্য দ্রুত পরিচালক নিয়োগ করতে হবে।<br><br>(খ) জরুরী ভিত্তিতে স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে। | **যুব উন্নয়ন অধিদপ্তর ও যুব ১ শাখা** |
| **(৩) পদসৃষ্টি/ আপগ্রেডেশন ও পদ স্থায়ীকরণ।** | **(ক) যুব উন্নয়ন অধিদপ্তর :** | | |
| | (১) শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের রাজস্বখাতে স্থানান্তরিত ৭টি পদের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ১ জন উপসচিবকে শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রে পরিচালক হিসেবে প্রেষণে পদায়ন করা হয়েছে। কিন্তু অদ্যাবধি উক্ত কর্মকর্তা যোগদান করেননি। ডাক্তার পদে এখনও কোন কর্মকর্তাকে পদায়ন করা হয়নি। | (ক) ডাক্তার পদায়নের জন্য স্বাস্থ্য সেবা বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| | (২) ৫টি প্রকল্প ১ জুলাই ১৯৯৭ এর পরে শুরু হয়েছে বিধায় প্রকল্পের ১৪৭৪ জন জনবল স্বয়ংক্রিয়ভাবে রাজস্বখাতে স্থানান্তরে জটিলতা রয়েছে। প্রকল্পসমূহের জনবল রাজস্বখাতে স্থানান্তর না করলে যুব প্রশিক্ষণ কার্যক্রমের উপর কি ধরণের নেতিবাচক প্রভাব পড়বে এবং যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত মোট যুব প্রশিক্ষণের শতকরা কত ভাগ সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জনবল দ্বারা পরিচালিত হয় তা উল্লেখপূর্বক সার-সংক্ষেপ তৈরী করার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। তাছাড়া আদালতের নির্দেশনার বিষয়টিও অন্তর্ভূক্ত করার জন্য পরামর্শ প্রদান করেন। যুগ্মসচিব জনাব মো: আজিজুল হক সভাকে অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রীকে অবহিত করার জন্য এ সার-সংক্ষেপ আগামী সপ্তাহের মধ্যে প্রেরণ করা যাবে। | (খ) দ্রুত সার-সংক্ষেপ প্রস্তুতপূর্বক মাননীয় প্রতিমন্ত্রীর সাথে আলোচনা করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **যুব উন্নয়ন অধিদপ্তর/ যুব-২ শাখা** |
| | **(খ) জাতীয় ক্রীড়া পরিষদ:** | | |
| | মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের রায়ের প্রেক্ষিতে, জাতীয় ক্রীড়া পরিষদের ২৯টি পদ রাজস্বখাতে স্থানান্তরের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয় হতে কিছু তথ্য চেয়ে গত ১৭/০৮/২০১৭ তারিখে পত্র পাওয়া গেছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক তথ্যাদি প্রেরণের জন্য ২৮-০৮-২০১৭ তারিখে জাতীয় ক্রীড়া পরিষদে পত্র প্রেরণ করা হয়েছে। তথ্যাদি প্রেরণের জন্য ২১-১০-২০১৭ তারিখে পুনরায় জাতীয় ক্রীড়া পরিষদ বরাবর তাগিদ পত্র প্রদান করা হয়েছে। জাতীয় ক্রীড়া পরিষদ হতে তথ্য পাওয়া যায়নি। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের যাচিত তথ্যাদি দ্রুত প্রেরণ করতে হবে। | জাতীয় ক্রীড়া পরিষদ ও ক্রীড়া-১ শাখা |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | **(গ) বিকেএসপিঃ বিকেএসপির জন্য রাজস্বখাতে পদ সৃজন প্রসঙ্গে-**<br>বিকেএসপি হতে প্রাপ্ত বিভিন্ন ক্যাটাগরীর মোট ৭৩৮টি পদ রাজস্ব বাজেটে সৃজনের সমন্বিত প্রস্তাব পাওয়া গেছে। নথিতে উপস্থাপনায় রয়েছে। | পদ সৃজনের প্রস্তাব দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট যুগ্মসচিব ও শাখা অফিসার জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে। | বিকেএসপি/ ক্রীড়া-২ শাখা |
| **(৪) শূন্য পদ পূরণ বিষয়ক অগ্রগতি:** | | | |
| | **ক্রীড়া পরিদপ্তরঃ** (ক) **শূন্য পদে জনবল নিয়োগ:** জেলা ক্রীড়া অফিসার এর ২৮টি পদ এবং প্রভাষক এর ২৮টি পদ পূরণের লক্ষ্যে ২৮/০৯/২০১৭ তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। পিএসসি'র সাথে যোগাযোগ করে জানা গেছে ডিসেম্বরের মাঝামাঝি সময়ে মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হতে পারে।<br>(খ) **নিয়োগ বিধি সংশোধন প্রস্তাবঃ** ক্রীড়া পরিদপ্তর এবং শারীরিক শিক্ষা কলেজ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬-এর সংশোধনী প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে সংশোধিত খসড়া নিয়োগবিধি উপস্থাপনায় রয়েছে। | (ক) বিপিএসসির সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(খ) নিয়োগবিধি সংশোধনের প্রস্তাব দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | **ক্রীড়া পরিদপ্তর/ ক্রীড়া-২ অধিশাখা** |
| **(৫) গুরুত্বপূর্ণ পেন্ডিং বিষয়:** | | | |
| **(ক) বিভাগীয় মামলা** | যুব উন্নয়ন অধিদপ্তর: যুব উন্নয়ন অধিদপ্তরের বর্তমানে মোট অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা ২৩টি। সভাপতি আগামী সভায় বিভাগীয় সমস্ত মামলার পাশাপাশি হাইকোর্টে চলমান মামলাসমূহের নম্বর, বিষয় ও সর্বশেষ অবস্থা উপস্থাপনের জন্য সকল দপ্তর/সংস্থা প্রধানকে পরামর্শ প্রদান করেন। এছাড়া অনিষ্পন্ন মামলাগুলি পুঙ্খানুপঙ্খভাবে পর্যালোচনা করে খুব দ্রুত নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করার পরামর্শ দেন। | হাইকোর্টে দায়েরকৃত মামলার বিস্তারিত ভালভাবে পড়ে সিদ্ধান্ত বা আদেশ অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | **যুব উন্নয়ন অধিদপ্তর/ যুব-১/ ক্রীড়া-২/ প্রশাসন-১ শাখা** |
| **(খ) অনিষ্পন্ন পেনশন কেস:** | | | |
| | **মন্ত্রণালয়:** মরহুম মো: সেলিম মিয়া এর স্ত্রী চাহেনারা বেগম গত ২০-০৮-২০১৭ তারিখে সংশোধিতভাবে পেনশন এর জন্য নির্ধারিত ফরমে আবেদন করেছেন। তবে জনাব মো: সেলিম মিয়া গৃহ নির্মাণ অগ্রিম নিয়েছিলেন যা পরিশোধ করা হয়নি। তিনি মৃত্যুবরণ করায় উক্ত অগ্রিম মওকুফ চেয়ে অর্থ বিভাগে আবেদন করবেন মর্মে তার স্ত্রী চাহেনারা বেগম জানিয়েছেন।<br>(২) জনাব মো: আবুল কাশেম ভূঁইয়া, ব্যক্তিগত কর্মকর্তার ১০-০৬-২০০৯ তারিখে ৮০% আনুতোষিক ভাতা মঞ্জুরী আদেশ জারী করা হয়েছে এবং জনাব মো: কমর উদ্দিন, ব্যক্তিগত কর্মকর্তার ২২-০১-২০০৯ তারিখে ৮০% আনুতোষিক ভাতা মঞ্জুরী আদেশ জারী করা হয়েছে। তাদের দখলকৃত বাসা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিকট হস্তান্তর না করায় এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের না-দাবী নামা না পাওয়ায় অবশিষ্ট ২০% অর্থ পরিশোধের মাধ্যমে পেনশন কেইস নিষ্পত্তি করা যাচ্ছে না। বিষয়টি নিষ্পত্তি করার জন্য গণপূর্ত মন্ত্রণালয় ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | (১) পেনশন কেইসটি দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>(২) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক দ্রুত পেনশন কেস নিষ্পত্তি করতে হবে। | প্রশাসন-১ শাখা |
| | **বিকেএসপিঃ** বিকেএসপিতে পেনশন প্রথা চালুকণের জন্য গত ১২-১১-২০১৭ তারিখে অনুষ্ঠিত বিকেএসপির বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক জাতীয় ক্রীড়া পরিষদের কর্মচারীদের যেভাবে অবসর ভাতা প্রদান করা হয়ে থাকে সেটি পরীক্ষান্তে পুন:প্রস্তাব প্রেরণের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন। | বিকেএসপিতে পেনশন প্রথা চালুর জন্য পুন:প্রস্তাব প্রেরণ করতে হবে। | ক্রীড়া-২ শাখা ও বিকেএসপি |

| (৬) সমীক্ষা/ অডিট আপত্তি | | | (অংকসমূহ হাজার টাকায়) | | | | | | | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | পূর্ববর্তী মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | জড়িত টাকা | নতুন আপত্তির সংখ্যা | জড়িত টাকা | নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা | ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন আপত্তির জের | জড়িত টাকা | সমাপ্ত উন্নয়ন প্রকল্পের অডিট আপত্তি নিষ্পত্তির জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় : | মন্ত্রণালয় (৬২৮২) হাজার টাকা | ২৭ | ৫০৩৭১৪ | - | - | - | ২৯টি | ৫০৩৭১৪ | |
| | | সমাপ্ত উন্নয়ন-(৪৯৩৪৩২) হাজার টাকা | ২ | | | | | | | |
| | যুব উন্নয়ন অধিদপ্তর : | অগ্রিম অনুচ্ছেদ-১৯টি | ৮৬ | ১৬,২১,৩২ | - | - | - | ৮০ | ১৬,২১,৩২ | সকল দপ্তর/ সংস্থা এবং বাজেট শাখা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। |
| | | সাধারণ-৭৭টি | | | | | | | | |
| | ক্রীড়া পরিদপ্তর: | | ২২ | ৪,৮৯,৮৪ | - | - | - | ২২ | ৪,৮৯,৮৪ | |
| | বিকেএসপি : | অগ্রিম-১৩টি | ৩৪ | ১৪,৩৬৪ | - | - | - | ৩৪ | ১৪,৩৬৪ | |
| | | সাধারণ-২১টি | | | | | | | | |
| | জাতীয় ক্রীড়া পরিষদ: | | ৫২৪ | ৩,৯২,৪৯ | - | - | - | ৫২৪ | ৩,৯২,৪৯ | |
| | | মোট= | ৬৮৯ | ৭৬৮৮৮৮ | - | - | - | ৬৮৯ | ৭৬,৮২৪৫ | |

বিকেএসপির ৬টি অগ্রিম অনুচ্ছেদ এবং মন্ত্রণালয়ের অডিট আপত্তিসমূহ নিস্পত্তির লক্ষ্যে ১২/১১/১৭ ও ১৬/১১/১৭ তারিখে যথাক্রমে ত্রিপক্ষীয় ও দ্বিপক্ষীয় সভা আহবান করা হয়েছিল। সিভিল অডিট অধিদপ্তর হতে উক্ত সভা ডিসেম্বর মাসের ১ম সপ্তাহে স্থানান্তর করার জন্য অনুরোধ করা হয়েছে।

## চলমান কার্যক্রমের পর্যালোচনা (সংস্থাভিত্তিক) :

| | | | |
|---|---|---|---|
| (৭) যুব উন্নয়ন অধিদপ্তর : প্রশিক্ষণ, ঋণ ও ন্যাশনাল সার্ভিস | ২০১৭-২০১৮ অর্থ বছরে ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বে অবশিষ্ট ৪২২টি উপজেলা হতে দারিদ্রের আধিক্য অনুযায়ী সবচেয়ে দারিদ্র্য (উচ্চ থেকে নিম্ন ১৪টি জেলার ২০টি উপজেলায় এ কর্মসূচি বাস্তবায়নের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। যুগ্মসচিব জনাব মো: আজিজুল হক সভাকে অবহিত করেন যে, ৫ম পর্বের প্রশিক্ষণ শুরু হয়েছে। ৫ম পর্বে গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলার প্রশিক্ষণার্থী বাছাই প্রক্রিয়ায় স্থানীয়ভাবে সমস্যা হওয়ায় প্রশিক্ষণ শুরু করা যায়নি, জেলা প্রশাসক ও স্থানীয় সংসদ সদস্যের উদ্যোগে উক্ত সমস্যা শীঘ্রই সমাধা হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। ৬ষ্ঠ ও ৭ম পর্বের প্রশিক্ষণ একই সাথে শুরু করা যাবে। প্রশিক্ষণার্থী নির্বাচন চূড়ান্ত পর্যায়ে রয়েছে। সভাপতি ৬ষ্ঠ ও ৭ম পর্বের প্রশিক্ষণার্থী বাছাই কার্যক্রম শেষে ষ্টিয়ারিং কমিটির সভা আহবান ও একটি প্রেস রিলিজ দেয়ার জন্য নির্দেশ দেন। তাছাড়া সভাপতি ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর প্রশিক্ষণের গুণগত মান নিশ্চিত করার নিমিত্ত যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালককে মনিটরিং জোরদার করণের জন্য অনুরোধ করেন। মন্ত্রণালয়ের কর্মকর্তাদেরকেও তিনি ফিল্ড অফিস ভিজিটের সময় ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর বিষয়গুলি দেখার পরামর্শ দেন। | প্রশিক্ষণের গুণগত মান নিশ্চিত করতে হবে। | যুব উন্নয়ন অধিদপ্তর/ যুব-২ অধিশাখা |
| (৮) বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন: | (ক)বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন এর সচিব সভাকে অবহিত করেন যে, ফাউন্ডেশনের তহবিল বৃদ্ধির জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট ১০০.০০(একশত কোটি) টাকা স্থায়ী আমানত চেয়ে সার-সংক্ষেপ অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছিল, অর্থ বিভাগ একই কাজ একাধিক অফিস হতে পরিচালনা না করে এক অফিস হতে করার পরামর্শ দিয়েছে। সে হিসেবে মন্ত্রণালয় হতে প্রদেয় কল্যাণ অনুদান বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের সাথে একীভূত করার বিষয়টি বিবেচনা করা যায়। বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন এর সচিব সভাকে অবহিত করেন যে CSR খাত হতে এ পর্যন্ত ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা সংগ্রহ করা হয়েছে এবং অর্থ সংগ্রহের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।<br><br>(খ) <u>২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান বিতরণ:</u> ২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান প্রদানে অনলাইন পদ্ধতি প্রবর্তনের বিষয় প্রক্রিয়াধীন। | (ক) CSR খাত হতে অর্থ সংগ্রহের প্রচেষ্টা অব্যাহত থাকবে।<br><br>(খ) ২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান অনলাইনে যথাসময়ে প্রদান করতে হবে। | বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন |

বিবিধঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) তথ্য অধিকার আইন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন | তথ্য অধিকার আইন মোতাবেক প্রাপ্ত আবেদন নিষ্পত্তি করা হচ্ছে। তথ্য অধিকার আইন মোতাবেক বিবেচ্য সময়ে কোন আবেদন পাওয়া যায়নি। | কোন নাগরিক তথ্য চেয়ে আবেদন করেছেন কিনা তা নিয়মিত তদারকি করতে হবে। | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (খ) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন | (১)National Sports Council (Amendment) Ordinance-1976 এবং National Sports Control Board(Amendment) Ordinance-1978 লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের পরামর্শ মোতাবেক জাতীয় ক্রীড়া পরিষদ আইন ' ২০১৭ পুনর্গঠন করে পুনরায় ২০-১১-২০১৭ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। খুব শীঘ্রই ভেটিং করবেন মর্মে জানা গেছে। | (১) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা এবং জাতীয় ক্রীড়া পরিষদের আইন কর্মকর্তা লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে নিয়মিত যোগাযোগ করবেন। | ক্রীড়া-১/ জাতীয় ক্রীড়া পরিষদ |
| | (২) বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ ১৯৮৩ পরিমার্জনপূর্বক ২৩/১০/২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | (২) মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ক্রীড়া-২/ বিকেএসপি |
| | (৩) **ই-টেন্ডারিং** :- জাতীয় ক্রীড়া পরিষদে ই-টেন্ডারে ৮টি প্যাকেজের মূল্যায়ন চলছে। প্রকাশনার কাজ চলছে। বিকেএসপিতে e-GP System এ ৩১টি ক্রয় আদেশ হয়েছে। | (৩) প্রতিমাসে e-GP বাস্তবায়নের বিষয়টি দপ্তর অনুযায়ী পরিসংখ্যানসহ উপস্থাপন করতে হবে। | |
| (গ) মন্ত্রণালয় এবং সকল দপ্তর /সংস্থায় ইনোভেশন সম্পর্কিত কার্যক্রম ও ইউনিকোড ব্যবহার | যুব উন্নয়ন অধিদপ্তরের কাজ ইনোভেশনের মাধ্যমে সহজীকরণ প্রক্রিয়া অব্যাহত রয়েছে। জাতীয় ক্রীড়া পরিষদের কার্যাবলী ইনোভেশনের মাধ্যমে সহজীকরণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। ক্রীড়া পরিদপ্তরে আগামী জানুয়ারী, ২০১৮ এর মধ্যে হাজিরা গ্রহণে ইলেক্ট্রনিক পদ্ধতির প্রবর্তন করা হবে। ৬৪টি জেলায় অটিষ্টিক ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য সেবা সহজীকরণের মাধ্যমে খেলাধূলার আয়োজন করা হচ্ছে। | মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের হাজিরা গ্রহণে ইলেকট্রনিক পদ্ধতি প্রবর্তন করতে হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (ঘ) মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থাসমূহের কার্যক্রম বিষয়ে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিকরণ ব্যবস্থা (Grievance Redress System) চালুকরণ। | মন্ত্রিপরিষদ বিভাগে কেন্দ্রীয়ভাবে অনলাইনে অভিযোগ দাখিল করলে তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা দেখতে পারেন। এটি নিয়মিত মনিটরিং করা হচ্ছে। | অভিযোগ পাওয়া গেলে দ্রুত নিষ্পত্তি করতে হবে। | সমন্বয় শাখা |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (ঙ) ই-নথি বাস্তবায়ন | মন্ত্রণালয়ের সকল শাখায় ই-নথিতে কার্যক্রম করা হচ্ছে। যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে সকল শাখায় ই-নথি কার্যক্রম চলমান রয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তরাধীন ৩০টি জেলার কর্মকর্তা/কর্মচারীদের ই-ফাইল প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং ২০টি জেলাকে লাইভ এ আনা হয়েছে। পর্যায়ক্রমে অবশিষ্ট ৩৪টি জেলায় কর্মকর্তা/কর্মচারীদের ই-ফাইল প্রশিক্ষণ প্রদান করা হবে। ক্রীড়া পরিদপ্তরে ই-নথিতে দাপ্তরিক কার্যক্রম আগামী জানুয়ারি, ২০১৮ হতে লাইভ সার্ভারে সম্পাদন করা হবে। জাতীয় ক্রীড়া পরিষদে ই-নথি কার্যক্রম চালু আছে। বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনে এটুআই কর্তৃক ই-নথি বাস্তবায়নের প্রশিক্ষণ ও পাসওয়ার্ড প্রদানের পর ই-নথি কার্যক্রম চালু করা হবে। এ বিষয়ে সভাপতি ই-নথির কার্যক্রম আরও দক্ষতার সাথে করার পরামর্শ দেন এবং এটুআই কর্তৃক মূল্যায়ন তালিকায় ২০ এর ভিতর থাকার জন্য সবাইকে আন্তরিকভাবে ই-নথিতে কাজ করার নির্দেশ দেন। | জরুরি ভিত্তিতে মন্ত্রণালয় ও অধীনস্থ সকল দপ্তর/ সংস্থায় ই-নথিতে দাপ্তরিক কার্যক্রম করতে হবে। ই-নথিতে কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সপ্তাহে ১ দিন অর্ধবেলা মন্ত্রণালয়ের কর্মকর্তা/ কর্মচারীদের রিফ্রেসার্স ট্রেনিং এর ব্যবস্থা করতে হবে। প্রতিদিন প্রতি শাখা হতে নূন্যতম ১টি ডাক ই-নথিতে উপস্থাপন করতে হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (চ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-২০১৮ অনুযায়ী দু:স্থ ক্রীড়াবিদ ভাতা ই-সেবায় রূপান্তরের কার্যক্রম চলমান রয়েছে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-২০১৮ এর লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে এবং বছর শেষে প্রতিবেদনের সাথে প্রমাণক পাঠাতে হবে। | সকল দপ্তর/সংস্থা/ বাজেট শাখা |
| (ছ) | মাননীয় প্রতিমন্ত্রী/উপমন্ত্রী এবং সচিব যখন বিদেশ সফর করবেন তখন সে দেশে অবস্থিত বাংলাদেশ মিশনের সাথে যোগাযোগপূর্বক সংশ্লিষ্ট দেশের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে দ্বি-পক্ষীয় সভা আয়োজনের বিষয়ে সভাপতি পরামর্শ প্রদান করেন এবং সভা হলে একটি প্রতিবেদন পেশের জন্য নির্দেশনা প্রদান করেন। বিদেশ ভ্রমণ বা অভ্যন্তরীণ প্রশিক্ষণ গ্রহণের পর সংশ্লিষ্ট কর্মকর্তা লব্ধ জ্ঞান সমন্বয় সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশনের মাধ্যমে উপস্থাপন করবেন। | সংশ্লিষ্ট দেশের মিশনের সাথে যোগাযোগ করে দ্বি-পক্ষীয় সভা ও সভার রিপোর্ট করতে হবে। কর্মকর্তাগণ বিদেশ ভ্রমণ বা দেশে কোন প্রশিক্ষণ গ্রহণ করলে সমন্বয় সভায় পাওয়ার পয়েন্ট, প্রেজেন্টেশনের মাধ্যমে তা উপস্থাপন করতে হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |

৯। পরিশেষে সভাপতি দপ্তর/সংস্থার প্রধানদের দৃষ্টি আকর্ষণ করে সকল প্রতিবেদন যথাযথ তথ্য সহকারে প্রেরণ এবং বিভিন্ন প্রশিক্ষণ একাডেমির বিজ্ঞপ্তি অনুযায়ী কর্মকর্তাদের প্রশিক্ষণে প্রেরণের পরামর্শ প্রদান করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী গঠনমূলক আলোচনা করায় সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৭/১২/২০১৭
(মো: আসাদুল ইসলাম)
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়